



উত্তরবঙ্গের আঞ্চলিক উত্তরবঙ্গ সংবাদ

ভারত সরকারের পুরস্কার পেল বিক্রম সোলার



নিজস্ব সংবাদদাতা : রক্ষটপ সোলার পাওয়ার প্রজেক্টে উৎকর্ষতার নজির তৈরি করে ভারত সরকারের বিশেষ পুরস্কার পেল বিক্রম সোলার। সম্প্রতি নয়াদিল্লির বিজ্ঞান ভবনে রক্ষটপ সোলার পাওয়ার বিষয়ক জাতীয় ভিত্তিতে এক কর্মশালার অনুষ্ঠানে বিক্রম সোলারকে বিশেষ উৎকর্ষতার জন্য পুরস্কৃত করেন কেন্দ্রীয় কয়লা, শক্তি ও পুনর্নবীকরণ শক্তি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী পীযুষ গয়াল। তিনি এই পুরস্কার তুলে দেন বিক্রম সোলারের সিইও ও এমডি জ্ঞানেশ চৌধুরীর হাতে। বিক্রম সোলারের কর্ণধার জ্ঞানেশ চৌধুরী জানান, গত কয়েক

বছরে বেশ কিছু রক্ষ টপ প্রজেক্টের কাজ করেছে বিক্রম সোলার। এরমধ্যে উল্লেখযোগ্য, কলকাতা নেতাজি সুভাষচন্দ্র বসু বিমানবন্দরে দুই মেগাওয়াটের প্ল্যান্ট। এছাড়াও কালিকট আন্তর্জাতিক বিমানবন্দরে ৭৫০ কিলোওয়াটের সোলার প্ল্যান্ট করেছে বিক্রম সোলার। কলকাতায় কালীঘাট মন্দিরে রক্ষটপ সোলার প্ল্যান্ট চালু করেছে এই সংস্থা। এবিষয়ে বিক্রম সোলারের প্রেসিডেন্ট ও চিফ টেকনোলজি অফিসার ইভান সাহা জানান, ভারত সরকারের এই স্বীকৃতি পাবার ফলে কাজের ক্ষেত্রে তাদের মোটিভেশন আরও বেড়ে যাবে।

EDITION Kolkata

MEDIA Print

LANGUAGE Bengali